

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট(এফএমএইউ)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- স্বাপকম/স্বাসেবি/আ.ব্য.অ.ই/বি-১/অডিট ছাড়পত্র/পার্ট-১৩/২০১৭/১৬০


তারিখঃ ২৮/০২/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ অডিট ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ডিজিএইচএস/অডিট ছাড়পত্র/৬এ-১২/১৮/১২২, তাং- ০১/০২/১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ডাঃ এ.এফ.এম.শফিউদ্দিন (কোড নং-৩৫৩৪৩), প্রাক্তন সিভিল সার্জন, বরিশাল এর অডিট ছাড়পত্রের প্রাপ্ত প্রস্তাবের সাথে সংযুক্ত চাকুরী বিবরণী, প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়নপত্র ও অডিট আপত্তির প্রত্যয়ন মতে মন্ত্রণালয়ে রক্ষিত উন্নয়ন ও অনুন্নয়ন খাতের অডিট আপত্তি সংশ্লিষ্ট নথি পরীক্ষান্তে তঁর বিরুদ্ধে কোন অগ্রিম/ খসড়া অনুচ্ছেদ অডিট আপত্তি পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, ডাঃ এ.এফ.এম. শফিউদ্দিন এর বিরুদ্ধে ভবিষ্যতে কোন অডিট আপত্তি উত্থাপিত হলে বা সরকারের কোন পাওনা প্রমাণিত হলে তা তিনি/তঁর উত্তরাধিকারী উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তি/সরকারের পাওনা টাকা পরিশোধ করতে বাধ্য থাকবেন শর্তে অডিট ছাড়পত্র প্রদান করা হল।

  
২৮.০২.১৮  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
হিসাবরক্ষণ কর্মকর্তা  
ফোনঃ ৯৫৪০৬৬৯।  
E-mail: fmaumohfw@gmail.com

মহাপরিচালক,  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
(দৃঃআঃ- পরিচালক, অর্থ)

অনুলিপি, সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব(আ.ব্য.অ.), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ সচিব, বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিভিল সার্জন, বরিশাল।
- ৫। ডাঃ এ.এফ.এম. শফিউদ্দিন (কোড নং-৩৫৩৪৩), প্রাক্তন সিভিল সার্জন, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট(এফএমএইউ)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- স্বাপকম/স্বাসেবি/অডিট/১ডি-৭/পার্ট-২০/২০১৬/অডিট ছাড়পত্র/১৭০

তারিখঃ ০২/০৩/২০১৮ খ্রিঃ।


বিষয়ঃ অডিট ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ ১। ডিজিএইচএস/অডিট /৬এ-২২৫/২০১৬/৯৪৪, তাং- ৫/১০/১৭ইং।  
২। মমেকহা/২০১৮/২৪৮৪, তাং- ০৩/০২/১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকে ডাঃ মোঃ আব্দুল হামিদ (কোড নং-৩৬৪৪৫), প্রাক্তন সহকারী পরিচালক (প্রশাসন), ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ এর চাকুরী বিবরণী, প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়নপত্র ও অডিট আপত্তির প্রত্যয়ন মতে মন্ত্রণালয়ে রক্ষিত উন্নয়ন ও অনুন্নয়ন খাতের অডিট আপত্তি সংশ্লিষ্ট নথি পরীক্ষান্তে, তাঁর বিরুদ্ধে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ কর্মকালীন স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত ২০০১-০৩ সালের অনুঃ নং-০৩ এ উল্লিখিত বাড়ী ভাড়া সংক্রান্ত ৫১,৭৩৫/- টাকার একটি অডিট আপত্তি পাওয়া গিয়েছিল।

২। উল্লেখ্য, উপরোক্ত কর্মকর্তার একই কর্মস্থল ও কর্মকালের বিপরীতে ২০০২-০৩ আর্থিক সালেও সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক বাড়ী ভাড়া বাবদ ৩৭,৪৮৫/২৫ টাকার অডিট আপত্তি উত্থাপিত হওয়ায় তিনি করিমগঞ্জ সোনালী ব্যাংকের চালান নং-২, তাং- ১৩/১১/০৭ইং মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়েছেন। সিভিল অডিট ও স্থানীয় ও রাজস্ব অডিটের আপত্তি দুটি একই বাড়ী ভাড়া ও কর্মকালের (২০০১-০৩) মধ্যে বিষয় তিনি স্থানীয় ও রাজস্ব অডিটের আপত্তিকৃত ৫১,৭৩৫/- টাকার মধ্যে অবশিষ্ট (৫১,৭৩৫ - ৩৭,৪৮৫/২৫)= ১৪,২৪৯/৭৫ টাকা সোনালী ব্যাংকের ময়মনসিংহ কর্পোরেট শাখার চালান নং-৩৮২, তাং-২৯/০১/২০১৮ইং মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়েছেন। অর্থাৎ তিনি সর্বমোট (৩৭,৪৮৫/২৫+১৪,২৪৯/৭৫)=৫১,৭৩৫/- টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়েছেন।

৩। এমতাবস্থায়, আপত্তিকৃত সমুদয় টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করায় কোন কর্তন ব্যতিরেকে উন্নয়ন ও অনুন্নয়ন খাতের অডিট ছাড়পত্র প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে ডাঃ মোঃ আব্দুল হামিদ এর বিরুদ্ধে কোন অডিট আপত্তি উত্থাপিত হলে বা তাঁর নিকট সরকারের কোন পাওনা প্রমাণিত হলে তা তিনি/তঁর উত্তরাধিকারী উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তি/সরকারের পাওনা টাকা পরিশোধ করতে বাধ্য থাকবেন।



(মোঃ জাহাঙ্গীর আলম)

হিসাবরক্ষণ কর্মকর্তা

ফোনঃ ৯৫৪৫৭০৬।

E-mail: fmaumohfw@gmail.com

মহাপরিচালক,

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(দৃঃআঃ- পরিচালক, অর্থ)

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (আ. ব্য. অ.), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ (আপত্তিটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৫। ডাঃ মোঃ আব্দুল হামিদ (কোড নং-৩৬৪৪৫), প্রাক্তন সহকারী পরিচালক (প্রশাসন), ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।